

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল  
(সাধারণ শাখা)

[www.tangail.gov.bd](http://www.tangail.gov.bd)

২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নেতৃত্ব কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি	: ড. মোঃ আতাউল গনি, জেলা প্রশাসক, টাঙ্গাইল
তারিখ	: ১২ ডিসেম্বর ২০২১
সময়	: সকাল ১১.০০ ঘটকিকা
স্থান	: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
সভায় উপস্থিত সদস্যব�ৃন্দ	: সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তালিকা

উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ করা হয়। সভায় জানানো হয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। এ কৌশলের মূল লক্ষ্য হলো শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সে লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২১-২২ প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্ম পরিকল্পনার ১ম কোয়ার্টার এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উর্ধবর্তন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। উক্ত কর্ম পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এ বিষয়ে উপরোক্ত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ১: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২১-২২ এর আলোকে নির্ধারিত সময়ের মধ্যে স্ব-স্ব অধিক্ষেত্রের প্রযোজ্য অংশ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ২ : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের নেতৃত্ব কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রনয়ণ, বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন উর্ধবর্তন কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল) , টাঙ্গাইলকে অনুরোধ করতে হবে।

সিদ্ধান্ত ৩: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে উল্লিখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনসমূহ যথাসময়ে উর্ধবর্তন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য এ কার্যালয়ের নেতৃত্ব কমিটিকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনসমূহ যথাসময়ে এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য প্রোগ্রামার, আইটিসেল, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইলকে অনুরোধ করা হয় সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৬, ১২, ২২  
ড. মোঃ আতাউল গনি

জেলা প্রশাসক  
টাঙ্গাইল  
ফোন: ০২৯১৭১৪৯০২  
E-mail: [dctangail@mopa.gov.bd](mailto:dctangail@mopa.gov.bd)

তারিখ: ২৭ পৌষ ১৪২৮  
১২ ডিসেম্বর ২০২১

স্মারক নং-০৫.৪১.৯৩০০.০০৭.০০১.০০৫.২১ - ৬৫২

অনুলিপি (জ্যোতির ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, টাঙ্গাইল
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) / (রাজস্ব) / বিভজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট / (শিক্ষা ও আইসিটি), টাঙ্গাইল
- ৪। সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল

জেলা প্রশাসক  
টাঙ্গাইল